নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
স্থাপিত-২০১৫ ইং
ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
ই-মেইলঃ-narayanganj_pbs1@ yahoo.com ওয়েব সাইটঃ-pbs1.narayanganj.gov.bd
বিদ্যুৎ মন্ত্রণালযের ওয়েব সাইট www.mpemr.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২২. ৬৩৯৬

তারিখঃ- ২৬ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
১০ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ প্রস্তাব প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে নারায়ণগঞ্জ পবিস-১ এর ৭ম বার্ষিক সদস্য সভার ডেকোরেশন ও সাজসজ্জা করণের দরপত্র আহবান প্রসঙ্গে (RFP)।**

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জন্য নিম্নোক্ত বিবরণ ও শর্ত মোতাবেক "৭ম বার্ষিক সদস্য সভার ডেকোরেশন ও সাজসজ্জা" করণের নিমিত্ত নিজস্ব তহবিলের আওতায় প্রস্তাব প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFP) পদ্ধতিতে বাংলাদেশী প্রকৃত ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান/ডেকোরেটর/পরিবেশক/সরবরাহকারী প্রতিষ্ঠান হইতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

| দরপত্র নং | কাজের বিবরণ | পরিমাণ (টি) | দাখিলকৃত একক দর | দাখিলকৃত মোট দর |
|---|---|---|---|---|
| ৩৭/২০২২-২০২৩ | স্টেজ তৈরী, সাইজ-২৪ ফুট× ১১ ফুট উন্নতমানের কাপড় নতুন কাপড় দিয়ে (নির্দেশনা মোতাবেক) | ০১ টি | | |
| | স্টল তৈরী (পার্টিশন করে), সাইজ- ১১৫ ফুট× ০৬ ফুট (নির্দেশনা মোতাবেক) | ০১ টি | | |
| | প্যান্ডেল তৈরী, সাইজ- ৪৫ ফুট × ৪৬ ফুট (নির্দেশনা মোতাবেক প্যান্ডেলের উপর ত্রিপল এবং উন্নতমানের কাপড় স্থাপনসহ) | ০১ টি | | |
| | রেজিস্ট্রেশন বুথ, সাইজ- ১২ ফুট × ১০ ফুট (নির্দেশনা মোতাবেক) | ০২ টি | | |
| | প্রধান গেটে বেলুন/রঙিন টিস্যু কাপড় দিয়ে ডেকোরেশন (নির্দেশনা মোতাবেক) | ০১ টি | | |
| | টেবিল | প্রয়োজনীয় সংখ্যক | | |
| | চেয়ার | ৬০০টি | | |
| | ষ্ট্যান্ড ফ্যান | প্রয়োজনীয় সংখ্যক | | |
| | সাউন্ড সিস্টেম (অন্যান্য সামগ্রী সহ) | ০৪ পেয়ার সাউন্ড বক্স সহ অন্যান্য সামগ্রী | | |
| | ফুলের ডেকোরেশন (স্টেজের টেবিলের ৩ পার্শ্বে ডায়াসসহ) (নির্দেশনা মোতাবেক) | প্রয়োজনীয় সংখ্যক | | |
| কথায়:- (.......................................................................................) | | সর্বমোট মূল্য | | |

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাকে আগামী ১৫/০১/২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্রসমূহ সদর দপ্তর,নারায়ণগঞ্জ পবিস-১, চেঙ্গাইন,সোনারগাঁ,নারায়ণগঞ্জ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কে:অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাইবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হইবে না। প্রাপ্ত দরপত্রসমূহ দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ১৫/০১/২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাইবে না।

০২। দরপত্রের সহিত হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্টেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সি সনদ ও পল্লী বিদ্যুৎ সমিতিতে উল্লিখিত মালামাল সরবরাহের অভিজ্ঞতা (যদি থাকে) এর সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে।

০৩। খামের উপর "বার্ষিক সদস্য সভার ডেকোরেশন ও সাজসজ্জা" সরবরাহের দরপত্র" কথাটি স্পষ্টাকারে লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে বিবেচিত হইবে। কার্যাদেশের সময় মালামাল কম/বেশী হইতে পারে।

০৪। দরদাতা প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে "বার্ষিক সদস্য সভার ডেকোরেশন ও সাজসজ্জা" সরবরাহের দরপত্র এর একক মূল্য ও মোট মূল্য উল্লেখপূর্বক সীলমোহরকৃত খামে দর দাখিল করিতে হইবে। **"বার্ষিক সদস্য সভার ডেকোরেশন ও সাজসজ্জা" সরবরাহে কোন পুরাতন কাপড়/ত্রিফল ব্যবহার করা যাবে না।**

০৫। সফল দরদাতা প্রতিষ্ঠানকে বার্ষিক সদস্য সভা অনুষ্ঠানের তারিখ অর্থাৎ ২৮/০১/২০২৩ খ্রি: এর ০২ দিন পূর্বে অর্থাৎ আগামী ২৬/০১/২৩ খ্রি: এর মধ্যে মালমাল সরবরাহপূর্বক সম্পূর্ণ কাজ (ফুলের ও প্রযোজ্য অন্যান্য কাজ ব্যতীত) নিজ দায়িত্বে ও খরচে নিজস্ব ব্যবস্থাপনায় পবিস সদর দপ্তরে সম্পাদন করতে হবে। অবশিষ্ট প্রযোজ্য সকল কাজ বার্ষিক সদস্য সভা অনুষ্ঠানের পূর্বে অর্থাৎ ২৭/০১/২০২৩ খ্রি: দিবাগত রাতে সম্পন্ন করে

কর্তৃপক্ষকে বুঝিয়ে দিতে হবে। সরবরাহকৃত মালামাল উন্নতমানের এবং নমুনা মোতাবেক হইতে হইবে। অন্যথায় সম্পাদিত কাজ সন্তোষজনক প্রতীয়মান করা হবে না।

০৬। সরবরাহকারীকে চালান ও বিল দাখিলের পর সরবরাহকৃত মালামালের গুণগত মান যাচাই পূর্বক মান সঠিক আছে মর্মে প্রত্যয়ন সাপেক্ষে পবিস কর্তৃক সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন সাপেক্ষ একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হইবে। প্রযোজ্য ক্ষেত্রে নিয়মানুযায়ী নিরাপত্তা জামানত (নির্দিষ্ট সময়ের পরে ফেরৎ যোগ্য) কর্তন করে রাখা যেতে পারে।

০৭। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হতে না।

০৮। দরপত্র বাছাই কালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।

০৯। শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ বহুল প্রচারের অনুরোধসহ) (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ ( কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহন ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো। )

০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর,বাপবিবো,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)

০৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

০৪। পুলিশ সুপার,নারায়ণগঞ্জ।

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................................. পবিস-১/২/৩/৪।

০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সোনারগাঁ/বন্দর/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।

০৮। ডিজিএম (কারিগরি/সোনারগাঁও/বন্দর/তারাব/মদনপুর), নারায়ণগঞ্জ পবিস-১।

০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।

১০। এজিএম (অর্থ-হিসাব/ওঅ্যান্ডএম/আইটি), নারায়ণগঞ্জ পবিস-১। (এজিএম আইটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য) ।

১১। মের্সাস...........................................................................।

১২। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-১।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
সিনিয়র জেনারেল ম্যানেজার